বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmppd@krishibank.org.bd

**ক্রেডিট বিভাগ**

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৫/রুমাবি-৩৪২(সিজিএস)/২০২২-২০২৩/ ২৫৫২ (১২৫৩) তারিখঃ ২৭/০৪/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা সমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ 'আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম (FICGS)' এর আওতায় Portfolio Guarantee Limit (PGL) এর বিপরীতে ঋণ/বিনিয়োগের গ্যারান্টি ফি পরিশোধের লক্ষ্যে নতুন খাত খোলা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২২, তারিখঃ ২৩/০১/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এফআইডি সার্কুলার নং-০১/২০২১, তারিখঃ ০৫/০৯/২০২১ ("১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম") এর আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে মাসিক ভিত্তিতে প্রস্তাব/আবেদন বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টে প্রেরণের নির্দেশনা রয়েছে। প্রেরিত প্রস্তাবসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় যাচাই-বাছাই অন্তে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় রেজিস্ট্রেশন প্রদান করা হয়ে থাকে। বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট এবং অত্র ব্যাংকের মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় গ্যারান্টি রেজিস্ট্রেশনের সময় এসএমইএসপিডি সার্কুলার নং- ০১/২০২২ এর নির্দেশনা মোতাবেক প্রথম বছরের জন্য গ্যারান্টি ফি আবেদনকৃত ঋণ/বিনিয়োগের উপর ১% হারে ১৫(পনের) দিনের মধ্যে পরিশোধযোগ্য। পরবর্তী বছরসমূহের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) গ্যারান্টি ফি প্রদানের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলারের বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে গ্যারান্টি ফি অত্র ব্যাংককে নিজস্ব উৎস হতে বাৎসরিক ভিত্তিতে পরিশোধ করতে হবে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার নিকট হতে উক্ত ফি আদায় করা যাবে না।

০৩। এতদপ্রেক্ষিতে, ক্রেডিট গ্যারান্টি স্কিম এর আওতায় রেজিস্ট্রেশন প্রাপ্ত ঋণসমূহের গ্যারান্টি ফি পরিশোধের লক্ষ্যে একটি নতুন ব্যয় খাত/উপখাত (ক্রেডিট গ্যারান্টি ফি শিরোনামে) খোলা হয়েছে। এসএমইএসপিডি সার্কুলার নং- ০১/২০২২এর নির্দেশনা যথাযথ পরিপালনপূর্বক "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম" এর আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে গ্যারান্টি ফি পরিশোধের ক্ষেত্রে উল্লেখিত হিসাব খাত/উপখাত ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | খাত / উপখাতের শিরোনাম | হিসাব খাত | |
|---|---|---|---|
| | | মূল খাত | বরাদ্দকৃত খাত |
| ০১. | Credit Guarantee Fee | ১৩৩ | ১৩৩/৬৭ |

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৭/৪/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

চলমান পাতা-০২

বিষয় ঃ 'আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম (FICGS)' এর আওতায় Portfolio Guarantee Limit (PGL) এর বিপরীতে ঋণ/বিনিয়োগের গ্যারান্টি ফি পরিশোধের লক্ষ্যে নতুন খাত খোলা প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৫/রুমাবি-৩৪২(সিজিএস)/২০২২-২০২৩/ ২৫৫২(১২৫০) তারিখঃ ২৭/০৪/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১,২,৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (**উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)**।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Pksarkar
27.04.2023
(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক